

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(১৬৩) পানি ব্যবহার করতে অপারগ হলে, কিভাবে পবিত্রতা অর্জন করবে?

পানি না থাকার কারণে বা ক্ষতির সম্ভাবনা থাকার কারণে পানি ব্যবহার করতে অপারগ হলে, তায়াম্মুম করবে। এর পদ্ধতি হচ্ছে, পবিত্র মাটিতে দু'হাত (একবার) মারবে, অতঃপর তা দ্বারা মুখমণ্ডল মাসেহ করবে এবং উভয় হাতের কিজি পর্যন্ত মাসেহ করবে। এই নিয়ম ছোট-বড় অপ্রকাশ্য নাপাকী থেকে পবিত্রতা অর্জনের সাথে সম্পর্কিত।

কিন্তু নাপাকী যদি প্রকাশ্য ও প্রত্যক্ষয় হয়, তবে সেখানে তায়াম্মুম নেই। চাই উহা শরীরে হোক বা কাপড়ে বা মাটিতে। কেননা প্রকাশ্য নাপাকী থেকে পবিত্রতা অর্জনের উদ্দেশ্য হচ্ছে উক্ত মূল বস্তটির অপসারণ করা। এখানে ইবাদতের শর্ত নেই। এই কারণে মানুষের অনিচ্ছায় যদি মূল নাপাক বস্তটি যে কোন প্রকারে বিদূরিত হয়ে যায়, তবে স্থানটি পবিত্র হয়ে গেল। যেমন কোন নাপাক স্থানে বা কাপড়ে যদি বৃষ্টিপাত হয় এবং বৃষ্টির পানির সাথে উক্ত নাপাকী চলে যায়, তবে স্থানটি পবিত্র হয়ে গেল- যদিও এ সম্পর্কে মানুষের জানা না থাকে। কিন্তু অপ্রকাশ্য নাপাকী থেকে পবিত্রতা অর্জনের বিষয়টি এর বিপরীত। কেননা তা একটি ইবাদত। তাই অবশ্যই এখানে মানুষকে নিয়ত বা দৃঢ় সংকল্প করে তা আদায় করতে হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=694

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন